

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রপ্তানি উন্নয়ন ব্যুরো  
মেলা ও প্রদর্শনী বিভাগ  
টিসিবি ভবন  
১, কাওরান বাজার, ঢাকা।

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৯৭.২৬/ ৩৩ ৫৫

তারিখঃ ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ০৫-০৭ মে, ২০২৬ সময়ে কুয়ালালামপুর, মালয়েশিয়ায় “SEMICON Southeast Asia-2026” শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০৫-০৭ মে, ২০২৬ সময়ে কুয়ালালামপুর, মালয়েশিয়ায় “SEMICON Southeast Asia-2026” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলায় অংশগ্রহণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	:	“SEMICON Southeast Asia-2026”(31 <sup>st</sup> edition)
মেলার সময়কাল	:	05-07 May, 2026
মেলার ভেন্যু	:	Malaysia International Trade and Exhibition Centre (MGTEC), Kuala Lumpur, Malaysia.
মেলা আয়োজনকারী সংস্থা	:	SEMI
বুথের সাইজ	:	09 sqm
বুথ টাইপ	:	Shell Scheme
বুথ ভাড়া	:	For member 8100 যা বাংলাদেশী টাকায় ১০,০০,০০০ (দশ লক্ষ) মাত্র & Non-member USD 10,485 বাংলাদেশী টাকায় ১২,৯০,০০০.০০ ( বারো লক্ষ নব্বই হাজার) মাত্র।
প্রদর্শনী পণ্য	:	Semiconductor device and components; Microelectronics and Ics; Wafer fabrication equipment and materials; Assembly, packaging, and test equipment; Displays and optoelectronics; Photovoltaics/solar technologies; Automation, inspection, and metrology systems; Design, software, and related manufacturing services.

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(i) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪৫%
০২	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

(ii) বিশেষ খাত:

ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	নারী উদ্যোক্তা	-	৬০%

স্মরণ্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।

০৩। বর্গিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস আগামী ১০-০৩-২০২৬ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট ([www.epb.gov.bd](http://www.epb.gov.bd)) থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোহাম্মদ মকবুল হোসাইন (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বর: ০১৮৮৫৮৪৭২৫১)

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো কোনরূপ দায়- দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য হবে না। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।



(মোহাম্মদ ওয়ারেছ হোসেন)  
পরিচালক (উপ-সচিব)  
মেলা ও প্রদর্শনী বিভাগ

**বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. President, Bangladesh Semi conductor Industry Association, Level 2, Plot NE (B) 3B, Road 74, Gulshan-2, Dhaka-1212. E-mail: [info@bsia-bd.org](mailto:info@bsia-bd.org).
২. President, Bangladesh Association of Software and Information Services (BASIS), 5th Floor, BDBL Bhaban, 12 Kazi Nazrul Islam Ave, Dhaka 1215. E-mail: [info@basis.org.bd](mailto:info@basis.org.bd)
৩. Secretary General, Bangladesh-Malaysia Chamber of Commerce and Industry - BMCCIHouse 3/A, Road 136, Gulshan-1 Suite #302, Dhaka, Dhaka 1212, BD Tel: 01000000000 E-mail: [tilo2010@gmail.com](mailto:tilo2010@gmail.com)
৪. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

- ০১। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।